



বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়

গাজীপুর-১৭০৬, বাংলাদেশ, টেলিফোন-(০২) ৯৯৬৬৯৫৩২৩, ফ্যাক্স-০২-৯৯৬৬৯৫৩১৬, ৯৯৬৬৯৫৩৩৩, পিকআপনং: ৯৯৬৬৯৫৩১০-১৪

BANGABANDHU SHEIKH MUJIBUR RAHMAN AGRICULTURAL UNIVERSITY

GAZEPUR-1706, BANGLADESH, TELEPHONE: (02) 996695323, FAX: 881 02 906695316, 996695333, PABX: 906695310-14, WEB: www.bsmrau.edu.bd

স্মারক নং- বশেমুরকৃবি/কৃ.আ./একা./২০২২/০১

তারিখ: ২৯/১২/২০২২ ইং

গবেষণা অনুদান সংক্রান্ত বিজ্ঞপ্তি

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়ে এম.এস প্রোগ্রামে ভর্তিচ্ছু ছাত্র-ছাত্রীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অত্র বিশ্ববিদ্যালয়ের এগ্রোমেটিওরোলজী বিভাগে উইন্টার-২০২২ টামে ভর্তিকৃত ছাত্র ছাত্রীদেরকে কৃষি সম্প্রসারণ অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন “কৃষি আবহাওয়া তথ্য পদ্ধতি উন্নতকরণ প্রকল্প” এর অধীনে প্রকল্প মেয়াদকালীন সময়ের জন্য প্রতি মাসে ৮০০০/= (আট হাজার) টাকা হারে গবেষণা অনুদান (Research Grant) প্রদান করা হবে। এই গবেষণা অনুদানের মেয়াদ হবে ১২ মাস, তবে প্রকল্পের মেয়াদ বৃদ্ধি স্বাপেক্ষে সর্বোচ্চ ১৮ মাস পর্যন্ত বৃদ্ধি করা হতে পারে। গবেষণা অনুদানের শর্তাবলী নিম্নরূপ:

- ১। গবেষণা অনুদান প্রার্থীকে বশেমুরকৃবি হতে নূনতম সিজিপিএ ৩.৫ সহ কৃষি বিষয়ে স্নাতক ডিগ্রী অথবা যে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে নূনতম সিজিপিএ ৩.৫ সহ সমমানের ডিগ্রীপ্রাপ্ত হতে হবে।
- ২। প্রার্থীকে গ্র্যাজুয়েট স্টাডিজ ফ্যাকাল্টি কর্তৃক প্রকাশিত বিজ্ঞপ্তি অনুযায়ী যথাযথ প্রক্রিয়ার মাধ্যমে এগ্রোমেটিওরোলজী বিভাগে এম.এস. প্রোগ্রামে ভর্তি হতে হবে।
- ৩। প্রার্থীকে তার মেজর প্রফেসরের মাধ্যমে বিভাগীয় প্রধান বরাবর গবেষণা অনুদানের জন্য আবেদন করতে হবে।
- ৪। মেজর প্রফেসরের সুপারিশের ভিত্তিতে গবেষণা অনুদান মঞ্জুর এবং প্রতি মাসে অনুদানের অর্থ প্রদান করা হবে।
- ৫। গবেষণা অনুদান প্রাপ্ত ছাত্র-ছাত্রীকে অনুদানের মেয়াদকালে প্রতি টার্মে জিপিএ ৩.৫ বজায় রাখতে হবে। কোন টার্মে জিপিএ ৩.৫ এর নীচে নেমে গেলে তা পুনরায় ৩.৫ এ উন্নীত না হওয়া পর্যন্ত তিনি গবেষণা অনুদান প্রাপ্য হবেন না।
- ৬। অনুদান প্রাপ্ত ছাত্র-ছাত্রীকে বিশ্ববিদ্যালয়ের একাডেমিক, গবেষণা এবং ছাত্র শৃংখলা সংক্রান্ত বিধান সমূহ যথাযথভাবে মেনে চলতে হবে। যে কোন ধরনের একাডেমিক, গবেষণা কিংবা শৃংখলা পরিপন্থী কর্মকাণ্ডে জড়িত থাকার প্রমাণ পাওয়া গেলে এই অনুদান বাতিল করা হবে।

গবেষণা অনুদান সংক্রান্ত বিজ্ঞপ্তি এবং বিশ্ববিদ্যালয়ের এম.এস. প্রোগ্রামে ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি ও সংশ্লিষ্ট তথ্যাবলী বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (bsmrau.edu.bd) পাওয়া যাবে।

-স্বা:-

(প্রফেসর নাসিমুল বারী)

বিভাগীয় প্রধান,

এগ্রোমেটিওরোলজী বিভাগ

বশেমুরকৃবি, গাজীপুর-১৭০৬

মোবাইল: ০১৫৫২৩৫৬২৭৭